




সালমান শাহর দেহাবশেষ পুনরায় উত্তোলনের অনুমতি আদালতের



প্রয়াত অভিনেতা সালমান শাহ। ছবি: সংগৃহীত

প্রয়াত চিত্রনায়ক সালমান শাহর মৃত্যুর প্রকৃত কারণ অনুসন্ধানে তার দেহাবশেষ আবারও কবর থেকে উত্তোলনের অনুমতি দিয়েছেন আদালত। এ নিয়ে তৃতীয়বারের মতো তার মরদেহ উত্তোলনের সিদ্ধান্ত এলো।

ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট জুয়েল রানা গত ২৪ মে এ আদেশ দেন। মামলার তদন্তকারী কর্মকর্তা সিআইডি'র পরিদর্শক জিয়াউল মোর্শেদের আবেদনের পর আদালত নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে দেহাবশেষ উত্তোলন, সুরতহাল প্রতিবেদন তৈরি এবং পুনরায় ময়নাতদন্তের অনুমতি দেন।

১৯৯৬ সালের ৬ সেপ্টেম্বর ঢাকার ইস্কাটনের বাসা থেকে সালমান শাহর মরদেহ উদ্ধার করা হয়। প্রথমে এটি অপমৃত্যুর মামলা হিসেবে নথিভুক্ত হলেও পরে তার পরিবার হত্যার অভিযোগ তোলে।

পরবর্তী বিভিন্ন তদন্তে আত্মহত্যার মতামত দেওয়া হলেও সালমান শাহর পরিবার সেই প্রতিবেদন মেনে নেয়নি। দীর্ঘদিন ধরেই তারা নতুন করে তদন্ত ও প্রকৃত রহস্য উদঘাটনের দাবি জানিয়ে আসছেন।